BREAKING NEWS LIVE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 21 Nov 2026, 08:14 PM

সারাদেশ

চাল, ইয়াবা, গরু ও মোটরসাইকেলসহ ৫০ লাখ টাকার ভারতীয় পণ্য জব্দ

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ব্রাহ্মণবাড়িয়া ও কুমিল্লা সীমান্তে পৃথক অভিযান চালিয়ে চাল, ইয়াবা, গরু, মোটরসাইকেল ও ইজিবাইকসহ প্রায় ৫০ লাখ ২১ হাজার টাকার ভারতীয় অবৈধ চোরাচালানি পণ্য জব্দ করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

শুক্রবার (১৪ আগস্ট) ব্রাহ্মণবাড়িয়ার কসবা এবং কুমিল্লার ব্রাহ্মণপাড়া ও বুড়িচং উপজেলার সীমান্তবর্তী বিভিন্ন এলাকায় এসব অভিযান পরিচালনা করে সুলতানপুর ব্যাটালিয়ন (৬০ বিজিবি)।

বিজিবি জানায়, ব্যাটালিয়ন অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল এস এম শরিফুল ইসলামের নির্দেশনা ও পরিকল্পনা অনুযায়ী সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে মঈনপুর, মাদলা, খাদলা, সালদানদী, শশীদল ও শংকুচাইল বিওপির টহলদল নিজ নিজ দায়িত্বপূর্ণ এলাকায় পৃথক অভিযান চালায়।

অভিযানে ভারতীয় অবৈধ বাসমতি চাল, ফুসকা, বাঁশি, শিং মাছ, গরু, জনসন বেবি লোশন, ইয়াবা, মোটরসাইকেল ও ইজিবাইক জব্দ করা

হয়।

এ ছাড়া সালদানদী বিওপির দায়িত্বপূর্ণ এলাকায় নয়নপুর বাজার থেকে খাদলা বিওপির দিকে যাওয়ার সড়কের পাশে একটি গোডাউনে অভিযান চালানো হয়। ব্রাহ্মণবাড়িয়ার কসবা উপজেলার সহকারী কমিশনার (ভূমি) তানজিল কবিরের নেতৃত্বে পরিচালিত টাস্কফোর্সের ওই অভিযানে ভারতীয় বাসমতি চাল ও বিভিন্ন কসমেটিকস সামগ্রী জব্দ করা হয়।

বিজিবির তথ্যমতে, পৃথক অভিযানে জব্দ করা এসব পণ্যের আনুমানিক মূল্য ৫০ লাখ ২১ হাজার ৫০ টাকা।

সুলতানপুর ব্যাটালিয়ন (৬০ বিজিবি) জানিয়েছে, সীমান্তে নিরাপত্তা রক্ষা, অবৈধ অনুপ্রবেশ, নারী ও শিশু পাচার, মাদক এবং চোরাচালান প্রতিরোধে নিয়মিত অভিযান ও গোয়েন্দা তৎপরতা অব্যাহত রয়েছে। এরই ধারাবাহিকতায় সীমান্তবর্তী এলাকায় অভিযান চালিয়ে এসব অবৈধ পণ্য জব্দ করা হয়েছে।

এ বিভাগের আরও খবর



বেনাপোল সীমান্তে ২৮ লক্ষ টাকা মূল্যের ভারতীয় কসমেটিক্স সামগ্রী আটক

যশোরের বেনাপোল সীমান্তে অভিযান পরিচালনা করে ভারতীয় চোরাচালানী মালামাল আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবি সদস্যরা।শনিবার (৩১ অক্ট...



দিরাইয়ে এইচএসসিতে পাসের হার ৪৭.৮২ শতাংশ, এক কলেজে পাস করেনি কেউ

সুনামগঞ্জের দিরাই উপজেলায় ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় ১০টি কলেজ থেকে অংশ নেওয়া ১ হাজার ৮৬১ শিক্ষার্থীর মধ্যে পাস করেছে ৮৯০ জন। উপজেলায় গড় পা...



ব্রাহ্মণবাড়িয়ায় নিষিদ্ধ ছাত্রলীগ নেতা আলামিন গ্রেফতার

ব্রাহ্মণবাড়িয়ায় পুলিশের বিশেষ অভিযানে নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের নেতা আলামিন সরকারকে (৩২) গ্রেফতার করা হয়েছে। গতকাল শুক্রবার রাত সাড়ে ৮টা...



চোর ধরায় এমপির বিরুদ্ধে চেষ্টা হচ্ছে অপবাদ, প্রতিবাদে বিএনপির বিক্ষোভ

সংসদ সদস্য অ্যাড. নুরুল ইসলাম নুরুলের বিরুদ্ধে মিথ্যাচারের প্রতিবাদে সুনামগঞ্জ সদর উপজেলা বিএনপি ও পৌর বিএনপির উদ্যোগে সুনামগঞ্জ শহরে বিক্ষো...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://seradealbd.com/saradesh/chal-iyaba-gru-o-motrsaikelsh-50-lakh-takar-bhartiy-pnj-jbd